

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 30-11-2025**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আকাশবাণীতে 'মন-কি-বাত' অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৮তম পর্ব। বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর, ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও 'মন-কি-বাত' সম্প্রচারিত হবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষায় অনুবাদ শোনা যাবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি পুনঃপ্রচার করা হবে।

\*\*\*\*\*

**PM-DG,IG :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ছত্তিশগড়ে পুলিশের মহানির্দেশক এবং মহাপরিদর্শকদের ৬০তম সর্বভারতীয় সম্মেলনে অংশ নিয়েছেন। আজ তিনি বিভিন্ন অধিবেশনে উপস্থিত থাকবেন। সম্মেলনে প্রধানমন্ত্রী বিশেষ পারদর্শীতার জন্য রাষ্ট্রপতি পুলিশ পদক প্রদান করবেন। বাম চরম পন্থা সহ জাতীয় নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়, বিপর্যয় মোকাবেলা, নারী নিরাপত্তা, পুলিশের বিভিন্ন কাজে কৃত্রিম বুদ্ধিমত্তার ব্যবহার সহ নানা বিষয়ে সম্মেলনে আলোচনা চলছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নওয়া রায়পুরের ইন্ডিয়ান ইনস্টিটিউট

অফ ম্যানেজমেন্টে তিন দিনের এই সম্মেলনের উদ্বোধন করেন। তিনি বলেন, এই সম্মেলনে অনুষ্ঠিত আলোচনাগুলি বিকশিত ভারত অভিযানের লক্ষ্যে পুলিশের কাজের জন্য একটি রোডম্যাপ তৈরিতে সহায়তা করবে।

\*\*\*\*\*

### **All Party' Meeting :**

সংসদের শীতকালীন অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে। তার আগে সরকার আজ একটি সর্বদলীয় বৈঠক ডেকেছে। বৈঠকে সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংসদের উভয় কক্ষের রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে আলোচনা করবেন। অধিবেশন চলাকালীন লোকসভা এবং রাজ্যসভার সুষ্ঠু কার্যকারিতা নিশ্চিত করতে সরকার সকল রাজনৈতিক দলের সহযোগিতা চাইবে। সামাজিক মাধ্যমে সংসদ বিষয়ক মন্ত্রী শ্রী রিজিজু বিরোধী দলগুলিকে উভয়কক্ষের কার্যক্রমে পূর্ণ অংশগ্রহণ এবং একটি প্রাণবন্ত সংসদীয় ব্যবস্থা তৈরিতে সহায়তা করার আবেদন করেছেন। এবারের শীতকালীন অধিবেশন আগামী ১৯শে ডিসেম্বর পর্যন্ত চলবে।

\*\*\*\*\*

### **NF Rly :**

এন এফ রেলওয়ের পক্ষ জানানো হয়েছে, আগামীকাল থেকে পরীক্ষামূলকভাবে ১৫৬৬৩ নং আগরতলা-শিলচর এবং ১৫৬৬৪ নং শিলচর-আগরতলা যাত্রী ট্রেন উনকোটি জেলার পেচারথল স্টেশনে ২ মিনিটের জন্য থামবে। শিলচর-আগরতলা ট্রেনটি বেলা ১টা ১৩ মিনিটে পেচারথল স্টেশনে পৌঁছবে এবং আগরতলা-শিলচর ট্রেনটি বেলা ২টা ১ মিনিটে পেচারথল স্টেশনে পৌঁছবে।

\*\*\*\*\*

### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেছেন, কৃষক সন্মান নিধি প্রকল্পে রাজ্যের আড়াই লক্ষাধিক কৃষক ২১টি কিস্তিতে ৯০০ কোটি টাকা পেয়েছেন। যা রাজ্যের ইতিহাসে নজিরবিহীন। গতকাল কাঞ্চনপুরের সুভাষনগর এডিসি ভিলেজের কর্ণজয়পাড়ায় কৃষকের শীতকালীন আলু চাষের জমি পরিদর্শনকালে তিনি একথা বলেন। তিনি বলেন, কৃষকদের জীবনযাত্রার মানোন্নয়নে রাজ্য ও কেন্দ্রীয় সরকার বহুমুখী পরিকল্পনা বাস্তবায়ন করছে।

\*\*\*\*\*

### **Review Meeting-South :**

সমবায় মন্ত্রী শুল্লাচরন নোয়াতিয়া জানিয়েছেন, প্রধানমন্ত্রী আবাস যোজনায় দক্ষিণ জেলার ৫২ হাজার ৪৩২টি ঘর নির্মানের জন্য আর্থিক মঞ্জুরি দেওয়া হয়েছে। এখন পর্যন্ত ৫১ হাজার ৯১৩টি ঘরের কাজ শেষ হয়েছে। গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে জেলাভিত্তিক উন্নয়নমূলক কাজকর্মের পর্যালোচনা সভা শেষে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, রেগা প্রকল্পে দক্ষিণ জেলায় ৯১ হাজার ৫১৫টি জবকার্ড রয়েছে। চলতি অর্থবছরে ২৫ লক্ষ ৫৬ হাজার ৬৪৬ শ্রম দিবসের কাজ করা হয়েছে।

\*\*\*\*\*

### **Mangsajai Mog Condolence Meeting:**

এডিসি'র প্রাক্তন চেয়ারম্যান প্রবীণ সিপিআইএম নেতা মংসাজাই মগের স্মরণসভা গতকাল সাত্ত্রমের রুপাইছড়ির মংসাজাই মগ পাড়ায় অনুষ্ঠিত হয়। সভায় বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, প্রাক্তন বিধায়ক প্রভাত চৌধুরী, সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক তাপস দত্ত প্রমুখ প্রয়াতের প্রতিকৃতিতে ফুলমালায় শ্রদ্ধা নিবেদনের পর স্মৃতিচারন করে বক্তব্য রাখেন।

\*\*\*\*\*

## **Sonamura-Press Club:**

আগামী দোসরা ডিসেম্বর সোনামুড়া প্ৰেস ক্লাবের পক্ষ থেকে শিল্পী শুল্লা দাসকে শারদ অনন্যা সন্মান ও ৫০ জন গরিব শ্ৰমজীবী অংশের মহিলাকে দশভূজা সন্মানে ভূষিত করা হবে। এই অনুষ্ঠানে সোনামুড়া প্ৰেসক্লাবের স্মরণিকা "উদ্ভাস"-এর আবরন উন্মোচন করবেন সিপাহীজলা জিলা পৰিষদের সভাধিনেত্রী সুল্প্ৰিয়া দাস দত্ত। অনুষ্ঠানে রাজ্য ও পশ্চিমবঙ্গের মহিলা লোকশিল্পীরা সংগীত পৰিবেশন করবেন।

\*\*\*\*\*

## **School Chess:**

জাতীয় অনুৰ্দ্ধ ১৭ বছরের স্কুল দাবা প্ৰতিযোগিতা আজ শেষ হছে। আগরতলার NSRCC-তে চারদিনব্যাপী আসরের শেষ দিনে অন্তিম রাউন্ডের খেলা হবে। পরে বিকালে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে জাতীয় এই আসরের বিজয়ীদের পুরস্কার প্ৰদান করা হবে।

\*\*\*\*\*

## **T-20 Women's Cricket :**

মেয়েদের অনুৰ্ধ্ব ২৩ বছরের টি-২০ জাতীয় ক্ৰিকেটের আসরে গ্ৰুপের চতুৰ্থ খেলায়ও ত্ৰিপুৰা পৰাজিত হয়েছে। গতকাল হৰিয়ানার সুলতানপুৰের গুৰগাঁও ক্ৰিকেট একাডেমি মাঠে অনুষ্ঠিত খেলায় কৰ্ণাটক ১০ উইকেটে রাজ্যদলকে হাৰিয়ে দেয়। এর ফলে আসরে গ্ৰুপের চাৰটি খেলার সবকটিতেই রাজ্যদল পৰাজিত হয়।

\*\*\*\*\*

## **Weather :**

আজ আকাশ সাধারণত পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা ছিল। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৫.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*